Department of Education
Carmen Fariña, Chancellor

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট

পিতামাতাদের জন্য:

আমার এনওয়াইসি স্কুল অ্যাকাউন্টে কী আছে?

- ***মূল্যায়ন*** – আপনার সন্তানের নিউ ইয়র্ক স্টেট ম্যাথ এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস্ (ইএলএ) টেস্ট স্কোর এবং/অথবা রিজেন্টস্ পরীক্ষার স্কোর দেখুন।
- ***উপস্থিতি*** – অনুপস্থিত দিনের সংখ্যাসহ বর্তমান স্কুলবছরে আপনার সন্তানের উপস্থিতি
- ***গ্রেড*** – বর্তমান স্কুলবছরের জন্য আপনার সন্তানের রিপোর্ট কার্ডের গ্রেড এবং প্রত্যেক মার্কিং পিরিয়ডে কোন শিক্ষকের মন্তব্য করে থাকলে তা দেখতে পাবেন।
- ***শিক্ষার্থী প্রোফাইল*** – স্কুলের ফাইলে সংরক্ষিত আপনার ও আপনার সন্তানের সংযোগ তথ্য দেখুন।

অ্যাকাউন্ট তৈরি করার কোড আপনার এবং আপনার সন্তানের জন্য সুনির্দিষ্ট এবং তা অপরের সাথে শেয়ার করবেন না। আপনি যদি এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট চিঠিতে উল্লিখিত পিতামাতা না হন, আপনার সন্তানের রেকর্ড জানার সহায়তালাভে তার স্কুলে যোগাযোগ অথবা 311 নম্বরে ফোন করুন।

URL: http://schools.nyc.gov/myaccount

আরো জানতে দেখুন:
http://schools.nyc.gov/nycschools

৮ জুন থেকে আপনি নতুন উপায়ে স্কুলে আপনার সন্তানের অগ্রগতির গুরুত্বপূর্ণ তথ্য জানার সুযোগ পাবেন। এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট দিয়ে আপনি আপনার সন্তানের উপস্থিতি, গ্রেড, টেস্ট স্কোর এবং সংযোগ তথ্য কম্প্যুটার, ফোন অথবা ট্যাবলেটে দশটি ভাষার যে কোনো একটিতে দেখতে পাবেন।

অনলাইনে অথবা ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে রেজিস্টার করুন

অ্যাকাউন্ট খোলার জন্য আপনাকে অবশ্যই আপনার সন্তানের পিতামাতা অথবা আইনগত অভিভাবক হতে হবে এবং একই ঠিকানায় বসবাস করতে হবে। আপনার যদি এনওয়াইসি স্কুলে একাধিক সন্তান থাকে, আপনি তাদের সবাইকে একই এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে লিংক করতে পারেন। আপনি দুটি উপায়ে এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে রেজিস্টার করতে পারেন:

- আপনার স্কুল প্রদত্ত অ্যাকাউন্ট তৈরির কোড ব্যবহারের মাধ্যমে; অথবা
- ব্যক্তিগতভাবে আপনার সন্তানের স্কুলে উপস্থিত হয়ে একটি টেম্পোরারি পাসওয়ার্ড নিয়ে।

অনলাইন রেজিস্টার প্রক্রিয়া:

আপনি আপনার স্কুল থেকে আপনার প্রত্যেক সন্তানের জন্য একটি অনন্য এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট তৈরির কোড সম্বলিত চিঠি পাবেন। এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট তৈরি অথবা বিদ্যমান অ্যাকাউন্টে অন্য একজন সন্তানকে যোগ করতে আপনার এই কোড এবং আপনার সন্তানের ৯-রাশির শিক্ষার্থী আইডি নম্বর প্রয়োজন হবে।

নিচের পদক্ষেপগুলো গ্রহণ করে ইন্টারনেট সংযোগ রয়েছে এমন যে কোনো কম্প্যুটার বা ডিভাইস থেকে অ্যাকাউন্ট খুলতে পারবেন:

1. http://schools.nyc.gov/myaccount ওয়েবসাইটে গিয়ে লগইন পেইজে "ক্রিয়েট অ্যাকাউন্ট" লিংক বেছে নিন।
2. আপনার সন্তানের ৯-রাশির শিক্ষার্থী আইডি এন্টার করুন। আপনি আপনার সন্তানের আইডি নম্বর তার রিপোর্ট কার্ডে পাবেন। আপনার কাছে আপনার সন্তানের আইডি নম্বর না থাকলে স্কুলে যোগাযোগ করুন।
3. আপনার স্কুল প্রদত্ত চিঠিতে উল্লিখিত অনন্য অ্যাকাউন্ট তৈরির কোডটি এন্টার করুন যা শুধু আপনার ও আপনার সন্তানের জন্য নির্দিষ্ট।
4. "পরবর্তী" নির্বাচন করুন।
5. আপনার ইমেইল ঠিকানা ও পাসওয়ার্ড লিখুন এবং সুনিশ্চিত করুন।
6. "ক্রিয়েট অ্যাকাউন্ট" বেছে নিন এবং আপনার ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে সাইন ইন করার জন্য "সাইন ইন" নির্বাচন করুন।

অন্য আরেকটি সন্তানকে আপনার অ্যাকাউন্টে যোগ করার উপায়:

1. আপনি আপনার এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে লগ-ইন করার পর, স্ক্রিনের উপরের ডান কোণায় "ম্যানেজ মাই অ্যাকাউন্ট"-এ যান।
2. "অ্যাড স্টুডেন্টস্" সেকশনের অধীনে, বাকি প্রত্যেক শিক্ষার্থীর জন্য ধাপ ২ এবং ৩ পুনরায় অনুসরণ করুন।

এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট

পিতামাতাদের জন্য:

Department of Education
Carmen Fariña, Chancellor

এরপর আমার কী করণীয়?

জুন ২০১৫

আপনার সন্তানের উপস্থিতি, গ্রেড ও সংযোগ তথ্য দেখার জন্য আপনারএনওয়াইসি স্কুল অ্যাকাউন্ট রেজিস্টার রেজিস্টার করতে আপনার সন্তানের স্কুল থেকে অ্যাপয়েন্টমেন্ট নিন।

অগাস্ট ২০১৫

বাড়তি তথ্য দেখতে যেমন আপনার সন্তানের সর্বসাম্প্রতিক স্টেট টেস্ট স্কোর দেখার জন্য আপনার এনওয়াইসি স্কুল অ্যাকাউন্টে লগ ইন করুন।

সেপ্টেম্বর ২০১৫

যেকোনো সময়ে আপনার সন্তানের তথ্য দেখতে এনওয়াইসি স্কুল অ্যাকাউন্ট ব্যবহার করুন।

পরামর্শসমূহ



আমরা আপনাকে আপনার এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টের প্রত্যেক পাতার নিচে দেয়া পরামর্শ লিংক ব্যবহার করে মতামত দেয়ার অনুরোধ করছি।

আরো জানতে দেখুন:
http://schools.nyc.gov/nycschools

ব্যক্তিগতভাবে রেজিস্টার করার প্রক্রিয়া:

অ্যাকাউন্ট খোলার জন্য আপনাকে অবশ্যই আপনার সন্তানের পিতামাতা অথবা আইনগত অভিভাবক হতে হবে এবং একই ঠিকানায় বসবাস করতে হবে। আপনার যদি এনওয়াইসি স্কুলে একাধিক সন্তান থাকে, আপনি তাদের সবাইকে একই এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্টে লিংক করতে পারেন।

1. **আপনার সন্তানের স্কুলের সাথে অ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন।**

2. **এগুলি সাথে আনবেন:**

   ফোটো আইডেন্টিফিকেশন
   - পাসপোর্ট
   - ড্রাইভারস লাইসেন্স
   - আইডিএনওয়াইসি

   ফোটো আইডি সংগ্রহ করার জন্য আরও তথ্য জানতে http://www.nyc.gov/idnyc.

   - **আপনার ইমেইল ঠিকানা**

     আপনি ফ্রি ইমেইল Gmail, Hotmail, অথবা Yahoo এর মাধ্যমেও রেজিস্টার করতে পারেন।

   - **ভর্তি শিক্ষার্থীদের জন্য এনওয়াইসি শিক্ষার্থী আইডি নম্বর(সমূহ)**

     আপনি আপনার সন্তানের ৯ রাশির শিক্ষার্থী আইডি নম্বর তার রিপোর্ট কার্ডে পাবেন। আপনার কাছে আপনার সন্তানের আইডি নম্বর না থাকলে স্কুলে জিজ্ঞাসা করুন।

3. **অস্থায়ী পাসওয়ার্ড সংগ্রহ করুন:**

   আপনি যখন আপনার স্কুলে অ্যাকাউন্ট খুলবেন তখন আপনি একটি রিসিট পাবেন যার উপরে আপনার অস্থায়ী পাসওয়ার্ড লেখা রয়েছে।

4. **কম্প্যুটার, ফোন, অথবা ট্যাবলেট থেকে অ্যাকাউন্টে লগ ইন করুন।**

   এই http://schools.nyc.gov/myaccount ঠিকানায় গিয়ে আপনার ইমেইল ঠিকানা ও অস্থায়ী পাসওয়ার্ড এন্টার করুন। আপনাকে আপনার অ্যাকাউন্টের জন্য নতুন পাসওয়ার্ড তৈরি করতে বলা হবে।

বাড়তি সহায়তা

যদি আরো সহায়তা দরকার হয় বা আপনার অ্যাকাউন্ট কীভাবে ব্যবহার করবেন সেসম্পর্কে কোন প্রশ্ন থাকে তাহলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ অথবা 311 নম্বরে ফোন করুন।